
সংখ্যা ৩

# বাউবি পরিক্রমা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ■ প্রকাশকাল: চৈত্র ১৪২০-আশ্বিন ১৪২১, এপ্রিল- সেপ্টেম্বর ২০১৪



http://www.bou.edu.bd



BANGLADESH OPEN UNIVERSITY




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

প্রকাশকাল: চৈত্র ১৪২০-আশ্বিন ১৪২১, এপ্রিল ২০১৪–সেপ্টেম্বর ২০১৪

এ সংখ্যায় যা থাকছে

জাতীয় শোক দিবসে আলোচনা সভা
ঢাকায় কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশন সভা
নৌবাহিনী-বাউবি শিক্ষা সমঝোতা স্মারক চুক্তি
ডেভেলপিং লার্নিং ম্যাটেরিয়ালস ফর ওডিএল ওয়ার্কশপ
অন লাইন ডিজাইনিং, ডেভেলপিং ও ডেলিভারিং ওয়ার্কশপ
একাডেমিক এন্ড রিসার্চ রাইটিং ফর জার্নাল এন্ড কনফারেন্স ওয়ার্কশপ
মানবসম্পদ উন্নয়নে ই-লার্নিং কর্মশালা
পরিবর্তনের জন্য নারীর ক্ষমতায়ন সেমিনার
বৈজ্ঞানিক গবেষণা সেমিনার
ত্রিপক্ষীয় গবেষণা প্রকল্প সেমিনার
ওপেন পলিটেকনিক অব নিউজিল্যান্ড শীর্ষক সেমিনার
হেলথ কেয়ার প্রোগ্রাম চালুর বিষয়ে সেমিনার
মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণ
দূরশিক্ষণ পাঠ্যোপকরণে Template ব্যবহার
এমবিএ ও এমপিএ প্রোগ্রামের ওরিয়েন্টেশন
পরীক্ষা পরিদর্শনে উপাচার্য
পরীক্ষা পরিদর্শনে প্রো-উপাচার্য
শ্রীলংকা ওপেন ইউনিভার্সিটি ভিসের বাউবি পরিদর্শন
২৪২ কোটি ৬৯ লক্ষ ৫৪ হাজার টাকার বাজেট
গ্লোবাল এডুকেশন ডায়ালগ কনফারেন্সে উপাচার্য
চীনের ইউনান ওপেন ইউনিভার্সিটি তে প্রো-উপাচার্য
ফ্রান্সে আন্তর্জাতিক কনফারেন্সে ট্রেজারার
ই-লার্নিং কার্যক্রম পর্যালোচনা সভা
কমিউনিটি রেডিও টেকনোলজী প্রোগ্রাম চালুর উদ্যোগ
যশোর আঞ্চলিক কেন্দ্র উপাচার্য
উপাচার্যের সাথে নবনিযুক্ত শিক্ষক ও কর্মকর্তাদের সৌজন্য সাক্ষাৎ
লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম নিয়ে উন্মুক্ত আলোচনা
স্কুল অব বিজনেস এর নয়া ডিন
ড. নাসিমা আকতার সুলতানা কমিশনের সহ-সভাপতি
ড. এ ফজলে আলী মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের আন্তর্জাতিক সম্পাদক
জাতীয় শোক দিবস পালন
পরীক্ষার মান উন্নয়নে মতবিনিময় সভা
বিভিন্ন পরীক্ষার ফল প্রকাশ
এমডিএস প্রোগ্রাম চালুর উদ্যোগ
শহীদ আহসান উল্লাহ মাস্টার এর শাহাদৎ বার্ষিকী পালিত
বর্ষবরণে সাংস্কৃতিক অনুষ্ঠান
বাংলা নববর্ষের শুভেচ্ছা

# বঙ্গবন্ধুর স্বপ্ন ও আদর্শ বাস্তবায়নে দৃঢ় প্রত্যয়






## জাতীয় শোক দিবসে আলোচনা সভা

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৩৯ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয় আয়োজিত আলোচনা সভায় সম্মানীত আলোচক হিসেবে বক্তব্য রাখছেন বঙ্গবন্ধু হত্যা মামলার বাদী আলহাজ্ব আ: ফ: ম: মহিতুল ইসলাম । মঞ্চে বাঁ থেকে প্রো- উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব:) হেলাল মোর্শেদ খান, বীর বিক্রম, পিএসসি চেয়ারম্যান,বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ,সেন্ট্রাল কমান্ড কাউন্সিল, গাজীপুর জেলার বীর মুক্তিযোদ্ধা কাজী মোজাম্মেল হক, উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের।

বঙ্গবন্ধু ও বাংলাদেশ একসূত্রে গাঁথা। বঙ্গবন্ধু একদিকে যেমন বাঙালী জাতির আত্মপরিচয়ের রূপকার অন্যদিকে তেমন স্বাধীনতার মহান স্থপতি। দুঃখী মানুষের মুখে হাসি ফোটানো ছিল তাঁর আজন্ম লালিত সাধনা। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৯ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসের আলোচনা সভায় বক্তাগণ বঙ্গবন্ধুর সেই স্বপ্ন বাস্তবায়নের দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে একথা বলেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশগ্রহণ করেন বঙ্গবন্ধুর হত্যা মামলার বাদী আ. ফ. ম. মহিতুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা মেজর জেনারেল (অব:) হেলাল মোর্শেদ খান, (বীর বিক্রম, পিএসসি) চেয়ারম্যান, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সেন্ট্রাল কমান্ড কাউন্সিল ও বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক ড. মমতাজউদ্দীন পাটোয়ারী। সভায় ১৫ আগস্টের নির্মম হত্যাযজ্ঞের নির্মমতার মর্মস্পর্শী বর্ণনা দেন বঙ্গবন্ধু হত্যা মামলার বাদী সম্মানীত আলোচক আ. ফ. ম. মহিতুল ইসলাম। বক্তাগণ বঙ্গবন্ধু হত্যার সাজাপ্রাপ্ত অবশিষ্ট খুনীদের ফাঁসির রায় কার্যকর করার মধ্যে দিয়ে পরিপূর্ণ রায় বাস্তবায়নের দাবি জানান। সভাপতির ভাষণে উপাচার্য বলেন, ১৫ আগস্টের বিয়োগান্তক ঘটনা বাঙালি জাতির জীবনে সবচেয়ে বেদনার দিন। ঘাতক চক্র বঙ্গবন্ধুকে হত্যা করলেও তাঁর স্বপ্ন ও আদর্শের মৃত্যু ঘটাতে পারেনি। তিনি অবিলম্বে পলাতক খুনীদের দেশে এনে ফাঁসির রায় কার্যকর করার দাবী জানান। অনুষ্ঠানে স্বাগত বক্তৃতা দেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোঃ মোহসীন উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা কাজী মোজাম্মেল হক, জেলা কমান্ডার গাজীপুর মুক্তিযোদ্ধা সংসদ ও রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন। তথ্য গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার অনুষ্ঠানটি সঞ্চালন করেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ এ সময় উপস্থিত ছিলেন।

# কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশনের (COMOSA)

কমনওয়েলথভূক্ত দেশের ঝড়ে পড়া শিক্ষার্থীদের শিক্ষার মহাসোপানে ফিরিয়ে এনে কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সহযোগিতায় কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশনের (COMOSA) চার দিনব্যাপী সভা ৩০ সেপ্টেম্বর, ২০১৪ মঙ্গলবার ঢাকায় হোটেল লা-ভিঞ্চিতে অনুষ্ঠিত হয়েছে। শিক্ষার সুযোগ বৃদ্ধির মাধ্যমে ঝড়ে পড়া শিক্ষার্থীদের শিক্ষাঙ্গনে ফিরিয়ে এনে সমাজের উন্নয়ন ও কল্যাণ ঘটানো সম্ভব। আন্তর্জাতিক সংস্থা কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশন বিশ্বব্যাপী ঝড়ে পড়া শিক্ষার্থীদের কল্যাণে কাজ করে যাচ্ছে। শিক্ষা সচিব মোঃ নজরুল ইসলাম খান অনুষ্ঠানটি উদ্বোধন করে এ কথা বলেন। তিন দিনব্যাপী কমোসার বার্ষিক সাধারণ সভায় এ সংস্থার পরবর্তী কার্যক্রমের রূপরেখা তৈরি করা হবে।



শিক্ষা সচিব মোঃ নজরুল ইসলাম খান, উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, ওপেন স্কুল এর ডীন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানাকে Commonwealth Open Schooling Association (COMOSA) এর উদ্বোধনী অনুষ্ঠানে ৩০ সেপ্টেম্বর, ২০১৪ কমনওয়েলথভুক্ত দেশসমূহের প্রতিনিধিগণের সাথে ফটোসেশনে দেখা যাচ্ছে।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও কমনওয়েলথ অব লার্নিং কোল, কানাডা এর যৌথ উদ্যোগে হোটেল লা-ভিঞ্চিতে ৩০ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত Commonwealth Open Schooling Association (COMOSA) এর বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান।

উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান অনুষ্ঠান কমনওয়েলথভূক্ত দেশের প্রতিনিধিদের স্বাগত জানিয়ে বলেন, উন্নয়নশীল দেশের ঝড়ে পড়া শিক্ষার্থীদের জন্য কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশন উপযুক্ত কর্ম পরিকল্পনা ও কৌশল প্রণয়নের মাধ্যমে মানব সম্পদ উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা রাখতে পারে। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের যুগ্ম পরিচালক, তথ্য মোঃ আবুল কাসেম শিখদার ও যুগ্ম পরিচালক, প্রশিক্ষণ ড. মহাঃ শফিকুল আলম। সভায় NewZealand, Namiba, Ghana, Trinidad & Tobago, Belize, Seychelles, Vanuatu, Mozambique, Botswana, Zambia, Malawi, Lesotho, Sri Lanka, India and Pakistan সহ কমনওয়েলথভূক্ত অন্যান্য দেশের উন্মুক্ত ও দূরশিক্ষণ বিশেষজ্ঞগণ আলোচনায় অংশগ্রহণ করেন। উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান কমোসার বার্ষিক সাধারণ সভায় আগত বিভিন্ন দেশের প্রতিনিধিদের সম্মানে ২ অক্টোবর, ২০১৪ তারিখে হোটেল লা-ভিঞ্চিতে এক নৈশ ভোজের আয়োজন করেন। অনুষ্ঠানে উপাচার্য বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তির নানা সুবিধা প্রয়োগ করে ইতোমধ্যে ওপেন স্কুলিং এর সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের শিক্ষার সুযোগ বহুমাত্রিক করে তুলেছে যার ফলে উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় গুণগত উৎকর্ষতা বৃদ্ধি পেয়েছে। নৈশভোজে শিক্ষা সচিব, মোঃ নজরুল ইসলাম খান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ডিন, রেজিস্ট্রার, পরিচালক ও যুগ্ম-পরিচালক তথ্য ও গণসংযোগ উপস্থিত ছিলেন।



COMOSA এর উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয় মিডিয়াকে সাক্ষাৎকার প্রদান করছেন শিক্ষা সচিব মোঃ নজরুল ইসলাম খান । সাক্ষাৎকার গ্রহণ করছেন যুগ্ম পরিচালক তথ্য ও গণসংযোগ কাসেম শিখদার পাশে যুগ্ম পরিচালক প্রশিক্ষণ ড. মহাঃ শফিকুল আলম।

# চুক্তি স্বাক্ষর সংবাদ

## নৌবাহিনী-বাউবি শিক্ষা সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর

BANGLADESH NAVY

বাংলাদেশ নৌবাহিনীর নাবিকদের জন্য এইচএসসি প্রোগ্রাম চালুর লক্ষ্যে ১৯ জুন, ২০১৪ বৃহস্পতিবার নৌ সদর দপ্তরে এক অনাড়ম্বর অনুষ্ঠানে বাংলাদেশ নৌবাহিনীর সঙ্গে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের একটি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ নৌবাহিনীর পক্ষে এম এন জি মুক্তাদির, ক্যাপ্টেন, বিএন পরিচালক নৌ শিক্ষা, নৌবাহিনী ও বাউবি'র পক্ষে রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া চুক্তিপত্রে স্বাক্ষর করেন। সমঝোতা স্মারক চুক্তির আলোকে নৌবাহিনীর নাবিকরা এসএসসি ও এইচএসসি প্রোগ্রামে ভর্তি হয়ে সনদপত্র অর্জন করতে পারবেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে নৌবাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তাগণ এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা, ও ওপেন স্কুলের শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




নৌ সদর দপ্তরে বাংলাদেশ নৌ বাহিনীর সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর করছেন বাংলাদেশ নৌবাহিনীর পক্ষে এম এন জি মুক্তাদির, ক্যাপ্টেন বি এন এস ও বাউবি'র পক্ষে রেজিষ্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো- উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ও ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা এবং বাংলাদেশ নৌ বাহিনীর উদ্ধর্তন কর্মকর্তাগণ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ডেভেলপিং লার্ণিং ম্যাটেরিয়ালস ফর ওডিএল (ODL) ওয়ার্কশপ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) গাজীপুর ক্যাম্পাসের ই-লার্ণিং সেন্টারে শিক্ষকদের জন্য ০৪ (চার) দিনব্যাপী ডেভেলপিং লার্ণিং ম্যাটেরিয়ালস ফর ওডিএল শীর্ষক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ওয়ার্কশপের উদ্বোধন করে বলেন, দূরশিক্ষণ ব্যবস্থায় কোর্স ম্যাটেরিয়াল প্রস্তুত করার ক্ষেত্রে 'ডেভেলপিং লার্ণিং ম্যাটেরিয়ালস ফর ওডিএল' শীর্ষক ওয়ার্কশপ অত্যন্ত গুরুত্বপূর্ণ। মূলতঃ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ ওয়ার্কশপের আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা শাখার উদ্যোগে আয়োজিত দুই পর্বের এ ওয়ার্কশপে ০৮ - ১১ মে পর্যন্ত ২০ জন শিক্ষক এবং ১৫ - ১৮ মে পর্যন্ত ১৮ জন শিক্ষক অংশগ্রহণ করেন।



বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য ODL ট্রেনিং প্রোগ্রামে ট্রেনিং সেশনে অংশগ্রহণকারী শিক্ষকদের একাংশ।

## অন লাইন ডিজাইনিং, ডেভেলপিং ও ডেলিভারিং ওয়ার্কশপ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও নলেজ গ্লোবালাইজেশন ইন্সটিটিউট, বোস্টন, ম্যাসাচুসেটস যুক্তরাষ্ট্র এর যৌথ উদ্যোগে ২৬ মে, ২০১৪ সোমবার গাজীপুর ক্যাম্পাসে কনফারেন্স হলে অনলাইন একাডেমিক প্রোগ্রামে ডিজাইনিং, ডেভেলপিং ও ডেলিভারিং শীর্ষক দুইদিন ব্যাপী ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ওয়ার্কশপের উদ্বোধন করে বলেন, উন্মুক্ত ও দুরশিক্ষণে ব্যবস্থায় অন লাইন একাডেমিক প্রোগ্রামে ডিজাইনিং, ডেভেলপিং ও ডেলিভারিং এ দক্ষতা অর্জন খুবই গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক খ্যাতিমান শিক্ষাবিদ যুক্তরাষ্ট্রের সাফক (Suffolk ) বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও নলেজ গ্লোবালাইজেশন ইন্সটিটিউট এর প্রেসিডেন্ট অধ্যাপক ড. মউদুদুর রহমান এ ওয়ার্কশপ পরিচালনা করেন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ শাখা আয়োজিত এ ওয়ার্কশপে রেজিস্ট্রার, ডিন, অধ্যাপক, শিক্ষক, পরিচালক ও উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




অনলাইন ডিজাইনিং, ডেভেলপিং ও ডেলিভারিং ওয়ার্কশপে বক্তব্য রাখছেন নলেজ গ্লোবালাইজেশন ইনস্টিটিউট এর প্রেসিডেন্ট ও যুক্তরাষ্ট্রের সাফক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মউদুদুর রহমান। ছবিতে সর্বডানে যথাক্রমে প্রো- উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের।

## 'একাডেমিক এন্ড রিসার্চ রাইটিং ফর জার্নাল এন্ড কনফারেন্স' শীর্ষক ওয়ার্কশপ




বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কনফারেন্স হলে ২৮-২৯ এপ্রিল দু'দিন ব্যাপী আয়োজিত এ্যাকাডেমিক এ্যান্ড রিসার্চ রাইটিং ফর জার্নাল এ্যান্ড কনফারেন্সে বক্তব্য রাখছেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। ছবিতে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূইয়া ও প্রবন্ধ উপস্থাপক অধ্যাপক ড. মঞ্জুরুল ইসলাম।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এবং Center for Development Through Open Learning, Publishing and Communication (CEDOLPC) ঢাকা এর যৌথ উদ্যোগে গাজীপুর ক্যাম্পাসে শিক্ষকদের জন্য 'একাডেমিক এন্ড রিসার্চ রাইটিং ফর জার্নাল এন্ড কনফারেন্স' শীর্ষক ০২ দিনব্যাপী এক ওয়ার্কশপ ২৮-২৯ এপ্রিল ২০১৪ অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে শিক্ষক কনফারেন্স হলে এ ওয়ার্কশপের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। এতে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ আবুল হোসাইন আহমেদ ভূঁইয়ার সভাপতিত্বে ওয়ার্কশপে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পাবলিশিং, প্রিন্টিং, এডিটিং ও কোয়ালিটি কন্ট্রোল সংক্রান্ত বাউবি'র সাবেক উপদেষ্টা ড. মঞ্জুরুল ইসলাম। ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ২৮ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

## মানবসম্পদ উন্নয়নে ই-লার্নিং কর্মশালা

মানবসম্পদ উন্নয়নে ই-লার্নিং প্রবর্তনের কৌশল নির্ধারণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ টু আই (a2i) প্রোগ্রামের যৌথ উদ্যোগে ২৮ মে, ২০১৪ বুধবার দিনব্যাপি ই-লার্নিং কর্মশালা ঢাকাস্থ উপাচার্যের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। খ্যাতনামা ই-লার্নিং বিশেষজ্ঞ ড. বদরুল এইচ খান এ কর্মশালায় রিসোর্স পার্সন ছিলেন।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ টু আই (a2i) প্রোগ্রামের আওতায় একসেস টু ইনফরমেশন (এ টু আই) প্রোগ্রামের সার্ভিস ইনোভেশন ফান্ডের (SIF) মাধ্যমে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে দেশের সর্বপ্রথম ই-লার্নিং পাটফর্ম হিসেবে তৈরি করা হচ্ছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রান্তিক জনগোষ্ঠীর মহিলাদের জন্য ই-লার্নিং প্লাটফর্মের মাধ্যমে আইসিটি কোর্স প্রবর্তন করতে যাচ্ছে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং অনুষ্ঠানের প্রধান অতিথি অধ্যাপক ড. এম এ মাননান কর্মশালায় বলেন, শিক্ষায় তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সার্বজনীন শিক্ষার অধিকার নিশ্চিত করে শিক্ষার গুনগত মান উন্নয়নে সরকার বদ্ধপরিকর। কর্মশালায় স্কুল অব বিজনেস এর অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ই-লার্নিং স্পেশালিষ্ট অধ্যাপক ফারুক আহমেদ ই-লার্নিং প্লাটফর্মে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপযোগিতার উপর আলোকপাত করে বক্তব্য রাখেন। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের।



বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রের কনফারেন্স হলে মানব সম্পদ উন্নয়নে ই- লার্নিং কর্মশালায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান । ছবিতে উপাচার্যের বাম পাশে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, ডান পাশে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এক্সেস প্রোগ্রামের কর্মকর্তা ও স্কুল অব বিজনেসের অধ্যাপক মোস্তফা আজাদ কামাল।

কর্মশালায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো হলো শিক্ষা মন্ত্রণালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, বিআরডিবি, মৎস্য বিভাগ, কৃষি মন্ত্রণালয়, বিএমইটি, এনআইএলজি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্র্যাক এবং ঢাকা আহছানিয়া মিশন।

## পরিবর্তনের জন্য নারীর ক্ষমতায়ন সেমিনার

সমৃদ্ধি ও উন্নয়নের জন্য সমাজ পরিবর্তনের স্বার্থে নারীর ক্ষমতায়নে নেতৃত্বের দক্ষতা আনতে প্রশিক্ষণ প্রয়োজন। কেননা নারী এ সমাজের অন্যতম অংশ। তার দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির মাধ্যমে সামাজিক উন্নয়ন ঘটানো সম্ভব। কমনওয়েলথ অব লার্ণিং (COL) ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে আয়োজিত ০২ দিন ব্যাপি Workshop on Leadership for Girls for Change (L4G4C) সেমিনারের প্রধান অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোঃ নজরুল ইসলাম খান ২৬ সেপ্টেম্বর, ২০১৪ শুক্রবার এ কথা বলেন।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও কমনওয়েলথ অব লার্ণিং (COL) এর যৌথ উদ্যোগে বাউবি'র ঢাকা সিটি অফিসের কনফারেন্স হলে Ledership for Girls For Change (L4G4C) শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন শিক্ষা সচিব মোঃ নজরুল ইসলাম খান , তাঁর ডান পাশে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ও ওপেন স্কুল এর ডিন, অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা এবং বাম পাশে Mrs. Frances J. Ferreira, Education Specialist (Open Schooling), COL, Canada.

বাউবি'র ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর সভাপতিত্বে সেমিনারে অন্যান্যের মধ্যে Commonwealth of Learning (COL), এডুকেশন স্পেশালিষ্ট (ওপেন স্কুলিং) Mrs. Frances j. Ferreira, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহম্মেদ ভূঁইয়া বক্তব্য রাখেন। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। সেমিনারে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি ও এইচএসসি প্রোগ্রামের শতাধিক ছাত্রী ও ওপেন স্কুলের শিক্ষকগণ এবং তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার উপস্থিত ছিলেন।



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও কমনওয়েলথ অব লার্ণিং (COL) এর যৌথ উদ্যোগে বাউবি'র ঢাকা সিটি অফিসের কনফারেন্স হলে Ledership for Girls For Change (L4G4C) শীর্ষক সেমিনারে ওপেন স্কুলের নারী শিক্ষকবৃন্দ।

# বৈজ্ঞানিক গবেষণা সেমিনার

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও ট্রেনিং ও রিসার্চ শাখার যৌথ উদ্যোগে গাজীপুর ক্যাম্পাসে সম্মেলন কক্ষে ১৪ মে, বুধবার ২০১৪ দিনব্যাপী এক বৈজ্ঞানিক গবেষণা সেমিনার অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান প্রধান অতিথি হিসেবে গবেষণা সেমিনার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মান উন্নয়নে গবেষণার কোন বিকল্প নেই। তিনি সকল শিক্ষককেই গবেষণায় আরও মনোযোগী হওয়ার জন্য অনুরোধ করেন। কেননা প্রযুক্তি নির্ভর উন্মুক্ত শিক্ষা ব্যবস্থায় উন্নত বিশ্ব জ্ঞান ও শিক্ষায় অনেক দূর এগিয়ে গেছে। সেমিনারে পলিফোনিক প্যাডাগজি : ওপেন এন্ড ডিস্ট্যান্স লার্ণিং, স্টাডিজ অন কেমিক্যাল ইউজেজ ইন সিলেক্টেট ভেজিটেবেলস্ এন্ড ফ্রুটস ডিউরিং প্রোডাকশন এন্ড ট্রান্সপ্রোর্টেশন ইন বাংলাদেশ ও এ্যাগ : মীথ, ফ্যাক্ট এন্ড রিসার্চ বিষয়ে তিনটি বৈজ্ঞানিক পেপার উপস্থাপন করেন যথাক্রমে অধ্যাপক ড. সোয়াইব জিবরান, ড. মোঃ তৌহিদুল ইসলাম ও ড. মোঃ আনোয়ারুল হক (যুগ্মভাবে) ও অধ্যাপক ড. মোর্শেদুর রহমান। উক্ত সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ১৬ জন শিক্ষকের গবেষণাভিত্তিক পোষ্টারও প্রদর্শিত হয়। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ০৬টি স্কুলের ডিন, অধ্যাপক, শিক্ষক ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



গাজীপুর ক্যাম্পাসের কনফারেন্স হলে শিক্ষক সমিতি ও বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা শাখার যৌথ উদ্যোগে 'বৈজ্ঞানিক গবেষণা সেমিনারের' প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান বক্তব্য রাখছেন। মঞ্চে বাম থেকে উপবিষ্ট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মোহসিন উদ্দীন, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড.মোঃ আবু তাহের ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ তৌহিদুল ইসলাম।

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, ব্রিটিশ কাউন্সিল ও ব্রিটিশ ওপেন ইউনিভার্সিটি এর মধ্যে ত্রিপক্ষীয় গবেষণা প্রকল্প শীর্ষক সেমিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) গাজীপুর ক্যাম্পাসের শিক্ষক কনফারেন্স হলে ১০ এপ্রিল, ২০১৪ বৃহস্পতিবার সকাল ১১ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-ব্রিটিশ কাউন্সিল ও ব্রিটিশ ওপেন ইউনিভার্সিটি এর মধ্যে ত্রিপক্ষীয় গবেষণা প্রকল্প নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে Teaching English Language at Secondary Schools: Effective Integration in Bangladesh Classrooms এর উপর একটি গবেষণা প্রকল্পের বিষয়ে আলোচনা করা হয়। প্রকল্পটি আন্তর্জাতিক পরিমন্ডলে বাউবি'র ইমেজকে বহুগুণে বৃদ্ধি করেছে। ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা এর সভাপতিত্বে এ সেমিনার প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। অনুষ্ঠানে উপাচার্য বলেন, মাধ্যমিক বিদ্যালয়ে ইংরেজি শিক্ষাদান বাংলাদেশের শিক্ষার্থীদের শিক্ষার ভিতকে আরও দৃঢ় ও মজবুত করবে। অনুষ্ঠানে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের বিশেষ অতিথি ছিলেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ওপেন স্কুলের সহকারী অধ্যাপক মোঃ মিজানুর রহমান।



বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কনফারেন্স হলে অনুষ্ঠিত উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ,ব্রিটিশ কাউন্সিল ও ব্রিটিশ ওপেন ইউনির্ভাসিটি এর মধ্যে ত্রিপক্ষীয় গবেষণা সেমিনারে বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয়ের ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা । মাঝে বাম দিক থেকে উপস্থিত মিজানুর রহমান, সহকারী অধ্যাপক, ওপেন স্কুল ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের।

## ওপেন পলিটেকনিক অব নিউজিল্যান্ড শীর্ষক সেমিনার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে ২৪ সেপ্টেম্বর, ২০১৪ বুধবার সেমিনার অন ওপেন পলিটেকনিক অব নিউজিল্যান্ডঃ ১৫ বছরের দীর্ঘ যাত্রা শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন ওপেন পলিটেকনিক অব নিউজিল্যান্ডের ই-লার্ণিং বিশেষজ্ঞ এম এস টেরেসা মেরী নেইল । বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন-এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, স্কুল অব বিজনেস এর অধ্যাপক মোস্তফা আজাদ কামাল অনুষ্ঠানে বক্তব্য রাখেন। সেমিনারে প্রশ্নোত্তর পর্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। দিনব্যাপি এই সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ডিন, শিক্ষক, পরিচালকসহ কোয়েকা প্রকল্পের প্রতিনিধি উপস্থিত ছিলেন।




ওপেন পলিটেকনিক অব নিউজিল্যান্ডের ই-লার্ণিং বিশেষজ্ঞ Ms Teresa Mari Nail, ২৪ সেপ্টেম্বর, ২০১৪ বুধবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে ওপেন পলিটেকনিক অব নিউজিল্যান্ডঃ ১৫ বছরের দীর্ঘ যাত্রা শীর্ষক সেমিনারে বক্তৃতা করছেন। ছবিতে মঞ্চে অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, কোয়েকা প্রতিনিধি ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের।

## এমএসসি ইন এনভায়রনমেন্ট এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট ও ডিপ্লোমা-ইন-প্রাইমারী হেলথ কেয়ার প্রোগ্রাম চালুর বিষয়ে সেমিনার

বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি (এস এস টি) এবং প্রশিক্ষণ ও গবেষণা শাখার উদ্যোগে ০৯ জুলাই ২০১৪, বুধবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে এমএসসি ইন এনভায়রনমেন্ট এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট ও ডিপ্লোমা-ইন-প্রাইমারী হেলথ্ কেয়ার প্রোগ্রাম চালু করার লক্ষে এক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে ধারণা পত্র উপস্থাপন করেন এস এস টির সহযোগী অধ্যাপক ড. ফরিদা ইয়াসমিন শেলী ও সৈয়দা ইফতে আরা খানম। সেমিনারে সভাপতিত্ব করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলোজী (এস এস টি) ডিন অধ্যাপক ড. কে. এম রেজানুর রহমান। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন।







স্কুল অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি এবং প্রশিক্ষণ ও গবেষণা শাখার উদ্যোগে ০৯ জুলাই, ২০১৪ আয়োজিত 'দি প্রপোজাল ফর ওপেনিং এমএসসি ইন এনভায়রণমেন্ট এন্ড সাসটেইনেবল ডিভেলপমেন্ট বিষয়ে সৈয়দা ইফতেআরা খানম এবং দি প্রপোজাল ফর ওপেনিং ইন প্রাইমারী হেলথ কেয়ার ডাঃ ফরিদা ইয়াসমিন (শেলী) ধারণাপত্র উপস্থাপন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করছেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ড. কে. এম রেজানুর রহমান।

## মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কম্পিউটারে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১১ থেকে ১৫ মে, ২৫ থেকে ২৯ মে এবং ০২ থেকে ০৫ জুন, ২০১৪ তিন ধাপে ৬০ জন কর্মকর্তার কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়। গাজীপুর ক্যাম্পাসে উপাচার্যের কনফারেন্স হলে ১৫ মে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান কম্পিউটার প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের মাঝে সনদ বিতরণ করেন। ২৯ মে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ০৫ জুন ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ২য় ও ৩য় ধাপে প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাদের মাঝে সনদ বিতরণ করেন। ট্রেনিং এন্ড রিসার্চ শাখা আয়োজিত এ সনদ বিতরণী অনুষ্ঠানসমূহে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন স্কুল অব বিজনেস এর অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, পরিচালক কম্পিউটার/সিস্টেম ম্যানেজার মোঃ আবু নাসের মাহমুদ, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ) ড. মুহাঃ শফিকুল আলম ও তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার।



বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা শাখার ব্যবস্থাপনায় আয়োজিত চার দিনব্যাপি আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে কর্মকর্তাগণের মাঝে সনদ বিতরণ করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। সনদ গ্রহণ করছেন মৌলভীবাজার উপ-আঞ্চলিক কেন্দ্রের উপ-আঞ্চলিক পরিচালক টি এম আহমেদ হোসেন।



আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণ শেষে সনদ বিতরণ করছেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। এ সময় যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ) ড. মহাঃ শফিকুল আলম ও যুগ্ম পরিচালক (তথ্য) মোঃ আবুল কাসেম শিখদার উপস্থিত ছিলেন। ছবিতে সনদ পত্র গ্রহণ করেছেন ঢাকা আঞ্চলিক কেন্দ্রের সহকারী পরিচালক, এম এস মঞ্জিলা খাতুন।



বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণ ও গবেষণা শাখার ব্যবস্থাপনায় আয়োজিত চার দিনব্যাপি আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তাদের কম্পিউটার প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে কর্মকর্তাগণের মাঝে সনদ বিতরণ করছেন ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। সনদ গ্রহণ করছেন বরগুনা উপ-আঞ্চলিক কেন্দ্রের সহকারী আঞ্চলিক পরিচালক জাহাঙ্গীর হোসেন পাইক। কম্পিউটার বিভাগের পরিচালক/সিস্টেম ম্যানেজার আবু নাসের মাহমুদ, সিস্টেম এ্যানালিস্ট মোঃ মাসুম বিল্লাহ, প্রশিক্ষণ বিভাগের যুগ্ম-পরিচালক ড. মহাঃ শফিকুল আলম ও তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার এ সময় উপস্থিত ছিলেন।

## দূরশিক্ষণ পাঠোপকরণে Template ব্যবহার প্রযুক্তি সেমিনার


উন্মুক্ত ও দূরশিক্ষণের পাঠ সামগ্রী প্রকাশনায় আন্তর্জাতিকভাবে স্বীকৃত আইকন ব্যবহারের প্রযুক্তি ও কৌশল দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ৩০ এপ্রিল ২০১৪ বুধবার এক সেমিনার অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এগ্রিকালচার এন্ড রুর‍্যাল ডিভেলপমেন্ট এর ডিন অধ্যাপক ড. শাহ্ আলম সরকার-এর সভাপতিত্বে এ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি ও পল্লী উন্নয়ন অনুষদের অধ্যাপক ড. মোঃ মোর্শেদুর রহমান এবং সহকারী অধ্যাপক মোহাম্মদ মামুনূর রশীদ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। তিনি তাঁর বক্তব্যে এ ধরণের সেমিনারের গুরুত্ব তুলে ধরেন। দূরশিক্ষণে শিক্ষার্থীদের পাঠোপকরণে Template ব্যবহারের গুরুত্ব ও মডিউলার পদ্ধতির প্রয়োগ নিয়ে সেমিনারে বিস্তারিত আলোচনা হয়। বিশ্ববিদ্যালয়ের ট্রেনিং এন্ড রিসার্চ শাখা এবং কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত এ সেমিনারে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কনফারেন্স হলে দূর শিক্ষণে পাঠ উপকরণে COL Template ব্যবহার সেমিনারে বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। ছবিতে অনুষ্ঠানের সভাপতি কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. শাহ আলম সরকারকে মঞ্চে উপবিষ্ট দেখা যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের শিক্ষকবৃন্দ এ সেমিনারে অংশগ্রহণ করেন।

# ওরিয়েন্টেশন প্রোগ্রাম

## বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স প্রোগ্রামের ওরিয়েন্টেশন



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি পরিচালিত বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স প্রোগ্রাম এর ওরিয়েন্টেশন কাস এর উদ্বোধনী অনুষ্ঠান শনিবার ১৭ মে, ২০১৪ গাজীপুর ক্যাম্পাসের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এতে প্রধান অতিথি হিসেবে শুভেচ্ছা বক্তব্য রাখেন। উপাচার্য তাঁর ভাষণে শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে বলেন, অনার্স পর্যায়ে কম্পিউটার সায়েন্সে শিক্ষা প্রোগ্রাম চালু করে দূরশিক্ষণ প্রযুক্তির দিক আরেক ধাপ এগিয়ে গেল।

অন্যান্যের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মোঃ আবুল কাশেম বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (ডুয়েট)। ওরিয়েন্টেশন প্রোগ্রামে সভাপতিত্ব করেন স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ড. কে.এম. রেজানুর রহমান। স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির শিক্ষকবৃন্দসহ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন অধ্যাপক ও উর্ধ্বতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিএসসি (অনার্স) কম্পিউটার সায়েন্স প্রোগ্রাম দেশে দূরশিক্ষণে প্রথমবারের মত ৫৮ জন শিক্ষার্থী ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে ভর্তি হয়েছে।



চার বছর মেয়াদি বিএসসি (অনার্স) ইন কম্পিউটার সায়েন্স ওরিয়েন্টেশন প্রোগ্রামের উদ্বোধনী অনুষ্ঠানে নবীন শিক্ষার্থীদের মাঝে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ডানপাশে স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি এর ডিন অনুষ্ঠানের সভাপতি অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান ও সহকারী অধ্যাপক মোঃ মামুনূর রশীদ। উপাচার্যের পাশে বামে অধ্যাপক ড. মোঃ আবুল কাসেম, বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর এবং ডাঃ সরকার মোঃ নোমান, সহযোগী অধ্যাপক, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি। উল্লেখ্য ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গাজীপুরে চার বছর মেয়াদী কম্পিউটার সায়েন্স প্রোগ্রামের স্টাডি সেন্টার চালু করা হয়েছে।

# স্কুল অব বিজনেস -এর সিএমবিএ ও সিএমপিএ প্রোগ্রামের ওরিয়েন্টেশন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে ২২ আগস্ট, ২০১৪ শুক্রবার স্কুল অব বিজনেস পরিচালিত Commonwealth Executive MBA/MPA প্রোগ্রামের ১৩২ সিমেস্টারে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

ওরিয়েন্টেশন প্রোগ্রাম উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কুল অব বিজনেস এর ডিন অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান ও স্কুল অব বিজনেস এর শিক্ষকবৃন্দ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে ২২ আগস্ট, ২০১৪ শুক্রবার স্কুল অব বিজনেস পরিচালিত Commonwealth Executive MBA/MPA প্রোগ্রামের ১৩২ সিমেস্টারের Orientation Programme এর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন। অন্যান্যের মধ্যে অনুষ্ঠানের সভাপতি স্কুল অব বিজনেস এর ডিন অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান, একই স্কুলের শিক্ষক আদিবা আনিস, আসমা আক্তার শেলী ও রুমানা কাদেরকে মঞ্চে উপস্থিত দেখা যাচ্ছে।

## এস এস সি পরীক্ষা পরিদর্শনে প্রো-উপাচার্য

সারাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এস এস সি পরীক্ষা ০৫ সেপ্টেম্বর, ২০১৪ শুক্রবার শুরু হয়। এসএসসি পরীক্ষার প্রথম দিনে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ধানমন্ডী সরকারী বালক উচ্চ বিদ্যালয় ও লেকসার্কাস উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করছেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার ও গণসংযোগ কর্মকর্তা মোঃ মশিহুর রহমান চৌধুরী উপস্থিত ছিলেন। উল্লেখ্য, দেশজুড়ে ৪৩৮টি পরীক্ষা কেন্দ্রে ১ লক্ষ ৩৬ হাজার ৭৯৬ জন শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিয়েছে। নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে দেখে প্রো-উপাচার্য সন্তোষ প্রকাশ করেন।



ধানমন্ডী সরকারী বালক উচ্চ বিদ্যালয় এস এস সি পরীক্ষা পরিদর্শন করছেন প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন সাথে তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার ও গণসংযোগ কর্মকর্তা মোঃ মশিহুর রহমান চৌধুরী।

## এম এড পরীক্ষা পরিদর্শনে উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে মাষ্টার্স অব এডুকেশন (এম এড) পরীক্ষা ২৭ জুন, ২০১৪ শুক্রবার শুরু হয়। ৫ জুলাই, ২০১৪ শনিবার উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ঢাকা শহরের ন্যাশনাল একাডেমী অব এডুকেশনাল ম্যানেজমেন্ট (নায়েম) ও ঢাকা টিচার্স ট্রেনিং কলেজ পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত এম এড পরীক্ষা পরিদর্শন করেন।

নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হচ্ছে দেখে উপাচার্য সন্তোষ প্রকাশ করেন। পরিদর্শনকালে উপাচার্যের সাথে বিশ্ববিদ্যালয়ের স্কুল অব এডুকেশন-এর ডিন অধ্যাপক ড. সুনীল কান্তি দে এবং তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার উপস্থিত ছিলেন।



ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে এম এড পরীক্ষা পরিদর্শন করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান সাথে স্কুল অব এডুকেশন এর ডিন অধ্যাপক ড. সুনীল কান্তি দে। ছবিতে ঢাকা টিচার্স ট্রেনিং কলেজের অধ্যক্ষকে উপাচার্যের পাশে দেখা যাচ্ছে।

## শ্রীলংকা ওপেন ইউনিভার্সিটি ডিনের বাউবি পরিদর্শন

শ্রীলংকা ওপেন ইউনিভার্সিটি প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. এস এ আরিয়াধূরাই ১৩ আগষ্ট ২০১৪ বুধবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাথে একাডেমিক সহযোগিতা জোরদার করার লক্ষ্যে উপাচার্যের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভায় মিলিত হন। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর সভাপতিত্বে এ মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুলের ডিন, রেজিস্ট্রার ও স্কুল অব বিজনেস এর অধ্যাপকগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় অন্যান্যর মধ্যে আরও উপস্থিত ছিলেন যুগ্ম পরিচালক প্রশিক্ষণ ড. মোঃ শফিকুল আলম, তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার ও উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম পরিচালক মোঃ আতিকুর রহমান। এর আগে অধ্যাপক ড. এস এ আরিয়াধূরাই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস ও মিডিয়া সেন্টার পরিদর্শন করেন।



শ্রীলংকা ওপেন ইউনিভার্সিটি ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে একাডেমিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ১৩ আগস্ট, ২০১৪ বুধবার উপাচার্য মহোদয়ের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। শ্রীলংকা ওপেন ইউনির্ভাসিটির প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড.এস এ আরিয়াধূরাই ও প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেনসহ এ মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের সকল স্কুলের ডিন ও স্কুল অব বিজনেস এর অধ্যাপকগণ উপস্থিত ছিলেন। অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন কম্পিউটার বিভাগের পরিচালক, আবু নাসের মাহমুদ, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ) ড. মহাঃ শফিকুল আলম, ও যুগ্ম পরিচালক (তথ্য) মোঃ আবুল কাসেম শিখদার।

## ২৪২ কোটি ৭৫ লক্ষ ৩৪ হাজার টাকার বিশ্ববিদ্যালয়ের বাজেট অনুমোদন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ২০১৪-২০১৫ অর্থ বছরের জন্য ২৪২ কোটি ৭৫ লক্ষ ৩৪ হাজার টাকার বাজেট ০৮ জুলাই, ২০১৪ বুধবার বিশ্ববিদ্যালয়ের ঢাকা সিটি অফিসের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত বোর্ড অভ গভর্ণরস্ এর ১৪২ তম সভায় অনুমোদিত হয়েছে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম. এ মাননান এর সভাপতিত্বে অনুষ্ঠিত বোর্ড অব গভর্ণর্স এর সভায় বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। বাজেটে রাজস্ব খাতে ১৭৭ কোটি ৪৯ লক্ষ ৭২ হাজার এবং উন্নয়ন খাতে ৬৫ কোটি ২৫ লক্ষ ৬২ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে রাজস্ব বাজেটে বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৩০ কোটি টাকা যা মোট রাজস্ব বাজেটের ১৬ দশমিক ৯০ শতাংশ। বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল হতে এ বাজেটে ১০১ কোটি ৪৮ লক্ষ ৭০ হাজার টাকার সংস্থান রাখা হয়েছে যা রাজস্ব বাজেটের ৫৭ দশমিক ১৮ শতাংশ। বাজেটের অবশিষ্ট অর্থ বিশ্ববিদ্যালয়ের নিজস্ব তহবিল থেকে সংস্থান করা হবে। বাজেট প্রণয়নের পটভূমিতে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের বিশ্ববিদ্যালয়ের আয় ব্যয়ের একটি তথ্যবহুল ও বাস্তবসম্মত বিশদ বিবরণ উপস্থাপন করেন।

উন্নয়ন বাজেটের আওতায় গাজীপুর প্রধান কার্যালয়ে গেস্ট হাউস, অডিটোরিয়াম কাম ট্রেনিং সেন্টার নির্মাণ, একাডেমিক ভবন নির্মাণ এবং বিরাজমান ভবনসমূহ সম্প্রসারণ, ক্যাম্পাসে সৌন্দর্য বর্ধন ও আনুষঙ্গিক ও আবাসিক ভবন সম্প্রসারণ/নির্মাণ, প্রধান কার্যালয়, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সংস্কার, ভবন নির্মাণ, গেইট ও বাউন্ডারি নির্মাণ/সম্প্রসারণ এবং জমি অধিগ্রহণ ও জমি ক্রয়, BOU Information Management System (BIMS) ১২টি আঞ্চলিক কেন্দ্রে কম্পিউটার ও ডিজিটাল ল্যাব প্রতিষ্ঠা, Establishment of ICT & WEB based Learning System, মিডিয়া বিভাগের ডিজিটাল যন্ত্রপাতি স্থাপন ও Establishment of BOU Virtual/Online Campus, ই-লাইব্রেরী/ডিজিটাল লাইব্রেরী, ই-লার্নিং সেন্টার ও ভিডিও কনফারেন্স, দেশে/বিদেশে শিক্ষকদের পি. এইচ. ডি করার জন্য স্কলারশীপ/অনুদান, মেডিক্যাল সেন্টার/প্রেস ভবন নির্মাণ, মেডিক্যাল ইকুইপমেন্ট এন্ড মেশিনারি ক্রয়, পরীক্ষা বিভাগ ও পিপিডি বিভাগের গোডাউন নির্মাণ/সম্প্রসারণ, Fee Automation, Student Portal Development, Oracle Subscription, Mock Village নির্মাণ ও গ্যারেজ/ওয়ার্কশপ স্থাপন এবং ঢাকা সিটি অফিসের লিফ্‌ট ও পরামর্শক ফি, বিদেশে স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনা ব্যয়, স্টাটিজিক পার্টনারশীপ (দেশে ও বিদেশে) ও নতুন প্রোগ্রাম চালু, বিজ্ঞান ও কৃষি বিষয়ক গবেষণা ল্যাব ও পূর্ণাঙ্গ ডিজিটাল কম্পিউটার ল্যাব স্থাপন। বোর্ড অব গভর্ণরস্ এর বাজেট সভায় ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের বিশ্ববিদ্যালয়ের বাজেট বাস্তবায়নে Network, CPM, PERT, Gantt Chart, Milestone Budgeting ইত্যাদি কৌশলের সহায়তায় প্রতিটি উন্নয়ন প্রকল্পের কাজের অগ্রগতিকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার উপর গুরুত্ব আরোপ করেন। সভায় বিওজির সদস্যবৃন্দ বাস্তবসম্মত বাজেটের প্রশংসা করেন।

## চায়না সাউথ এশিয়া বিজনেস ফোরামে প্রো-উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন চীন-এর কুনমিং-এ ০৪-০৬ জুন, ২০১৪ অনুষ্ঠিত 9th China-South Asia Business Forum এ অংশগ্রহণ করেন। একইসঙ্গে তিনি ০৭-০৯ জুন, ২০১৪ পর্যন্ত The Open University of Hong Kong পরিদর্শন করেন। সফরকালে তিনি উন্মুক্ত ও দূরশিক্ষন বিষয়ে দ্বিপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করেন।




চায়না সাউথ এশিয়া বিজনেস ফোরামে ফটোসেশনে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, এবং প্রো-উপাচার্যের ডানে হংকং বিশ্ববিদ্যালয়ে পিএইচডি গবেষনারত রেজিস্টার (শিক্ষা ছুটিতে) মঞ্জুর-ই-খোদা তরফদার ও এশিয়া বিজনেস ফোরামের কর্মকর্তাবৃন্দ।

## চীনের Yunnan Open University তে প্রো-উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন চীন-এর কুনমিং-এ ২১ থেকে ২৬ এপ্রিল, ২০১৪ Yunnan Open University ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে দূরশিক্ষণ স্টাডি সেন্টার স্থাপনের সম্ভাব্যতা যাচাই এর লক্ষ্যে ২০ এপ্রিল থেকে ২৭ এপ্রিল পর্যন্ত চীন সফর করেন। সফরকালীন প্রো-উপাচার্য Yunnan Open University ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে স্টাডি সেন্টার স্থাপনের বিষয়ে Yunnan Open University এর কর্মকর্তাগণের সাথে আলোচনা করেন। একই সঙ্গে প্রো-উপাচার্য Yunnan Open University' র উর্ধ্বতন কর্মকর্তাগণের সাথে দূরশিক্ষণের দ্বি-পাক্ষিক বিভিন্ন দিক নিয়ে মত বিনিময় করেন।



চীনের ইউনান ওপেন ইউনিভার্সিটি ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যকার স্মারক চুক্তি স্বাক্ষর করছেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ইউনান ওপেন ইউনিভার্সিটির উপাচার্য।

## ফ্রান্সে আর্ন্তজাতিক দূরশিক্ষণ কনফারেন্সে ট্রেজারার



ফ্রান্সের প্যারিসে ২৫ জুন-২৮ জুন অনুষ্ঠিত নিউ হরাইজেন ইন এডুকেশন (New Horizon in Education)"শীর্ষক আর্ন্তজাতিক দূরশিক্ষণ কনফারেন্সে" বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের । বিশ্বের ৪০টি দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিনিয়র অধ্যাপকগণ দূরশিক্ষণের এ আর্ন্তজাতিক কনফারেন্সে অংশ নেন।

চার দিনব্যাপী আয়োজিত এ আর্ন্তজাতিক কনফারেন্সে উন্মুক্ত ও দূরশিক্ষণ, ওপেন এডুকেশন রিসার্চ, ই-লার্ণিং, এডুকেশন ইন মোবাইল টেকনোলজী এবং উন্মুক্ত দূরশিক্ষণ গবেষণা পদ্ধতি সম্পর্কে খ্যাতিমান আর্ন্তজাতিক দূরশিক্ষণে বিশেষজ্ঞগণ আলোচনা করেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ২৬ জুন এ কনফারেন্সে "ও ডি এল প্রাকটিসেস ইন ডেভেলপিং কান্ট্রিজ : ফ্যাক্সিবিলিটি এন্ড কোয়ালিটি ইস্যুজ"(ODL Practices in Developing Countries: Flexibility and Quality Issues) শীর্ষক একটি প্রবন্ধ উপস্থাপন করেন। কনফারেন্সে উন্নয়নশীল দেশের উন্মুক্ত ও দূরশিক্ষণ বিশেষ করে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের উপর ট্রেজারার বিস্তৃত আলোচনা করেন। গবেষণা প্রবন্ধটিতে বিশ্বের উন্নয়নশীল দেশের দুরশিক্ষণের বিভিন্ন বিষয়াদি উপস্থাপিত হওয়ায় কনফারেন্স বেশ প্রশংসিত হয়। উল্লেখ্য যে, অধ্যাপক ড. মোঃ আবু তাহের উক্ত কনফারেন্সে উন্মুক্ত ও দূরশিক্ষণ ব্যবস্থার একটি সেশনেও সভাপতিত্ব করেন।



নিউ হরাইজেন ইন এডুকেশন সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ও অন্যান্য দেশের প্রতিনিধিগণ।

## বিভিন্ন দেশে অনুষ্ঠিত আন্তর্জাতিক কনফারেন্সে উপাচার্য

### পাকিস্তান (লাহোর)

পাকিস্তানের লাহোরে ০৬-০৭ মে, ২০১৪ অনুষ্ঠিত আন্তর্জাতিক South Asia Policy Dialogue on 21st Century Universities: The Future of Higher Education in South Asia শীর্ষক কনফারেন্সে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। ব্রিটিশ কাউন্সিল এ আন্তর্জাতিক কনফারেন্স এর আয়োজন করে। তিনি কনফারেন্সে 'নলেজ ট্রান্সফার এন্ড ইনোভেশন"-এর উপর প্রবন্ধ উপস্থাপন করেন। এতে দক্ষিণ এশীয় দেশগুলোসহ বিভিন্ন দেশের ১০০ জন শিক্ষাবিদ ও শিক্ষা প্রশাসক অংশগ্রহন করেন। উপাচার্য একই সাথে ০৯ মে পাকিস্তানের লাহোরে আয়োজিত 'নলেজ পার্কস এন্ড সিটিস' (Knowledge Parks and Cities) আন্তর্জাতিক কনফারেন্সেও বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। কনফারেন্সে উপাচার্য গ্লোবাল এডুকেশনে শিক্ষার গুণগত উৎকর্ষতা বৃদ্ধিতে প্রযুক্তির প্রয়োগ নিয়ে মতামত তুলে ধরেন। উপাচার্য কনফারেন্সে আগত অন্যান্য দেশের শিক্ষাবিদগণের সাথে গ্লোবাল এডুকেশন ও বাংলাদেশে উন্মুক্ত ও দূরশিক্ষার কার্যক্রমের দিক নিয়ে মতবিনিময় করেন।




South Asia Policy Dialogue on 21st Century Universities: The Future of Higher Education in South Asia শীর্ষক কনফারেন্সে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান।

### শ্রীলঙ্কা (ক্যান্ডি)

৬-৭ জুন ২০১৪ তারিখে শ্রীলঙ্কার ক্যান্ডিতে অনুষ্ঠিত CEMCA (Commonwealth Education Media Center for Asia আয়োজিত Regional Workshop on ICT Leadership in Higher Education কনফারেন্সে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন প্রফেসর ড. এম এ মাননান। তিনি মূলত বিভিন্ন দক্ষিণ এশীয় দেশের উপাচার্যদের অংশগ্রহনে আয়োজিত এ কনফারেন্সে সেশন চেয়ারিং করেন এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ব্যবহার করা হচ্ছে এবং অদূর ভবিষ্যতে ব্যবহার করার যোগ্য নিজস্ব উদ্ভাবিত প্রযুক্তির ব্যাপারে অংশগ্রহনকারীদেরকে অবহিত করেন। মাইক্রো এসডি কার্ড ব্যবহারের মাধ্যমে কীভাবে মোবাইল প্রযুক্তির সাহায্যে শিক্ষা-বিষয়ক সামগ্রী শিক্ষার্থীদের নিকট অতি স্বল্প ব্যয়ে পৌঁছিয়ে দেয়া যায়, এ সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা দেন। Podcast and Vodcast-এর বিভিন্ন দিকের উপরেও আলোচনা অনুষ্ঠিত হয়। নিচের ছবিতে ড. এম এ মাননানকে কনফারেন্সের উদ্বোধক শ্রীলঙ্কার উচ্চ শিক্ষা মন্ত্রনালয়ের মন্ত্রীর সাথে আলাপ করতে দেখা যাচ্ছে।




Commonwealth Education Media Center for Asia কর্তৃক আয়োজিত Regional Workshop on ICT Leadership in Higher Education শীর্ষক কনফারেন্সে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান।

## জাপান (ইয়োকোহামা)

১১-১২ জুন ২০১৪ তরিখে জাপানের ইয়োকোহামা শহরে অনুষ্ঠিত হয় International Association of University Presidents (IAUP) কর্তৃক আয়োজিত উচ্চ শিক্ষার ভবিষ্যত গতিধারার (Creating the Future of Higher Education) উপর একটি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ছিলেন বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যায়গুলোর তরফ থেকে একমাত্র প্রতিনিধি। বিভিন্ন দেশের ৪০টিরও বেশী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ এ সম্মেলনে অংশগ্রহণ করেন।




জাপানের ইয়োকোহামা শহরে অনুষ্ঠিত International Association of University Presidents (IAUP) কর্তৃক আয়োজিত উচ্চ শিক্ষার ভবিষ্যত গতিধারার Creating the Future of Higher Education আন্তর্জাতিক সম্মেলন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান।

## রাশিয়ার রাজধানী মস্কোতে আন্তর্জাতিক কনফারেন্সে উপাচার্য

প্রফেসর ড. এম এ মাননান মস্কোতে অনুষ্ঠিত International Council for Distance Education Conference এ আমন্ত্রিত স্পিকার হিসেবে "Distance Education and e-Learning: Crossing the Boundaries and Connecting Countries, Professionals and Institutions" বিষয়ের উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ৪৮টি দেশের ২৫২ জন প্রতিনিধি এ কনফারেন্সে অংশগ্রহন করেন। ২৫ ও ২৬ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মস্কোর আজিমুত অলিম্পিক হোটেলে এ কনফারেন্সটি অনুষ্ঠিত হয়। মস্কো স্টেট ইউনিভার্সিটির রেক্টর এটি উদ্বোধন করেন।



মস্কোতে অনুষ্ঠিত International Council for Distance Education Conference-এ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান।

## বিশ্ববিদ্যালয়ের ই-লার্নিং কার্যক্রম পর্যালোচনা সভা

KOICA
Korea International Cooperation Agency

ই- লার্নিং কার্যক্রম বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনার জন্য উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর সভাপতিত্বে উপাচার্য কার্যালয়ে কোয়েকা কোরিয়া প্রতিনিধিদের নিয়ে ৬ জুলাই রবিবার এক সভা অনুষ্ঠিত হয় । বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে ও প্রয়োজনীয় শিক্ষক ও টেকনিক্যাল কর্মকর্তা ই-লার্নিং সেন্টারে স্থায়ীভাবে নিয়োজিত করার জন্য সভায় আলোচনা হয়।

সভায় তথ্য প্রযুক্তি ব্যবহার করে ভার্চুয়াল এডুকেশনের মাধ্যমে দেশ জুড়ে উন্মুক্ত শিক্ষার সুবিধা বৃদ্ধি করার বিষয়ে আলোকপাত করা হয়। কোয়েকার সিনিয়র কনসালটেন্ট ড.ইয়া কীম, Mr. kim Jae Hwan, প্রো- উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, রেজিষ্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া, কোয়েকা প্রকল্প পরিচালক ও পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম ফজলে আলী, স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোস্তফা আজাদ কামাল ও অধ্যাপক ড. আনোয়ার হোসেন, কম্পিউটার বিভাগের পরিচালক মোঃ আবু নাসের মাহমুদ ও টেকনিক্যাল কর্মকর্তাগণ এ সভায় উপস্থিত ছিলেন।



উপাচার্য দপ্তরে কোয়েকা প্রতিনিধি Jac Won Choi System Architect, Yong Shik Kim, Senior Consultant এর সাথে মতবিনিময় করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। পাশে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ও কোয়িকা প্রকল্প পরিচালক ড. এম ফজলে আলী ও কম্পিউটার বিভাগের পরিচালক/সিস্টেম ম্যানেজার আবু নাসের মাহমুদ।

## বাউবি'তে কমিউনিটি রেডিও টেকনোলজী প্রোগ্রাম চালুর উদ্যোগ
## কমনওয়েলথ এডুকেশন মিডিয়া সেন্টার (সিমকা) এর প্রোগ্রাম অফিসার ড. অনকুরান দত্ত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কমিউনিটি রেডিও টেকনোলজী চালুর সম্ভাব্যতা যাচাই এর জন্য কমনওয়েলথ এডুকেশন মিডিয়া সেন্টার (সিমকা) এর প্রোগ্রাম অফিসার ড. অনকুরান দত্ত ২৪ আগষ্ট ২০১৪, রবিবার উপাচার্যের সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি, মিডিয়া বিভাগ ও কম্পিউটার বিভাগের কর্মকর্তাগণের সাথে মতবিনিময় করেন।

বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবু তাহের এর সভাপতিত্বে এ মত বিনিময় অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া, স্কুল অব বিজনেস এর অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজীর ডিন অধ্যাপক ড. কে এম রেজানুর রহমান, মিডিয়া বিভাগের পরিচালক এস এম কেরামত আলী ও কম্পিউটার বিভাগের পরিচালক আবু নাসের মাহমুদ ও তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়ের ট্রেনিং এন্ড রিসার্চ শাখা এ মতবিনিময় সভার আয়োজন করে। বাউবিতে এ প্রোগ্রাম চালু করা হলে সিমকা কাউন্সিলরদের প্রশিক্ষণ প্রদানের আশ্বাস প্রদান করে।





বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কমিউনিটি রেডিও টেকনোলজী চালুর সম্ভাব্যতা যাচাই এর লক্ষ্যে যৌথ সহযোগিতার অংশ হিসাবে কমনওয়েলথ এডুকেশন মিডিয়া সেন্টার (সিমকা) এর প্রোগ্রাম অফিসার ড. অনকুরান দত্ত উপাচার্যের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মো: আবু তাহের। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন, কম্পিউটার বিভাগ ও প্রশিক্ষন শাখার কর্মকর্তাদের ছবিতে দেখা যাচ্ছে।

## যশোর আঞ্চলিক কেন্দ্রে উপাচার্যের মত বিনিময় সভা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান ২৬ এপ্রিল, ২০১৪ শুক্রবার যশোর আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালীন উপাচার্য আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা, কর্মচারী ও যশোর আঞ্চলিক কেন্দ্রাধীন বাউবি পরিচালিত সকল প্রোগ্রামের সমন্বয়কারীগণের সাথে **'দূরশিক্ষণ পদ্ধতিতে উন্মুক্ত শিক্ষাদানের সমস্যা ও সম্ভাবনা'** শীর্ষক মতবিনিময় সভায় মিলিত হন। যশোর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক এ বি এম শাহাবুদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপাচার্য বলেন, উন্মুক্ত ও দূর শিক্ষার মাধ্যমে দেশে দক্ষ জনগোষ্ঠীর সংখ্যা বেড়ে চলেছে। শিক্ষার মহাসোপানে ঝড়ে পড়া শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হচ্ছে। উপাচার্য এ সেবাধর্মী কাজে সকলকে আরও নিষ্ঠাবান হবার আহ্বান জানান। সভায় আঞ্চলিক কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণ উপাচার্যকে এ অঞ্চলে বাউবির শিক্ষা কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। এছাড়া বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারীগণ স্থানীয় পর্যায়ে দূরশিক্ষণ শিক্ষা ব্যবস্থাকে আরও গতিশীল করার ক্ষেত্রে তাঁদের মতামত তুলে ধরেন। সভায় ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা, বাউবি'র পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম ফজলে আলী, উপাচার্যের একান্ত সচিব ও যুগ্ম-পরিচালক মোঃ আতিকুর রহমান ও উপাচার্যের সহকারী একান্ত সচিব ও উপ-পরিচালক, মোহাম্মদ হাবিবউজ্জামান এবং সিনিয়র ভিডিও স্পেশালিষ্ট সোহেল আহমেদ উপস্থিত ছিলেন।




যশোর আঞ্চলিক কেন্দ্রে ২৬ এপ্রিল, ২০১৪ শুক্রবার অনুষ্ঠিত মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। ছবিতে উপাচার্যের ডানে ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা, উপাচার্যের বামে পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক ড. এম ফজলে আলী ও আঞ্চলিক পরিচালক এ বি এম শাহাবুদ্দিন । এ সময় এ অঞ্চলের বাউবি'র বিভিন্ন প্রোগ্রামের সমন্বয়কারীগণ উপস্থিত ছিলেন।

## লার্ণিং ম্যানেজমেন্ট সিস্টেম নিয়ে উন্মুক্ত আলোচনা

সেনাবাহিনীতে কর্মরত সৈনিকদের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এইচ এস সি প্রোগ্রামের ভর্তি ও রেজিষ্ট্রেশন অনলাইন ভিত্তিক কার্যক্রম শিক্ষা প্রোগ্রামে চালু করেছে। তথ্য প্রযুক্তির সহায়তায় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে গত ২ সেপ্টেম্বর, ২০১৪ কনফারেন্স কক্ষে লিব্রিফিং অন লার্ণিং ম্যানেজমেন্ট সিস্টেম (এলএমএস) এইচএসসি নিশ-১ প্রোগ্রামের বিভিন্ন দিক নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন বলেন, এ প্রোগ্রামের মাধ্যমে বাউবি আইসিটি এর সাহায্যে উন্মুক্ত শিক্ষার উৎকর্ষতা বাড়বে। ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন কম্পিউটার বিভাগের সিস্টেম এনালিস্ট মোঃ মাসুম বিল্লাহ। উল্লেখ্য, দেশের ৯টি সেনানিবাসে ক্যান্ট পাবলিক স্কুল ও কলেজে নবীন সৈনিকদের উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিশ প্রোগ্রামের অধীনে এইচ এস সি পড়ার সুযোগ রয়েছে। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন ও পরিচালকগণ উপস্থিত ছিলেন।

## অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান স্কুল অব বিজনেস এর নয়া ডিন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব বিজনেস এর ডিন পদে অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান ১১ আগস্ট, ২০১৪ যোগদান করেছেন।



উল্লেখ্য, ডিন পদে অধ্যাপক ড. এটি এম তোফাজ্জেল হোসেন এর মেয়াদ শেষ হওয়ার পর অধ্যাপক ড. কাজী মোহাম্মদ গালিব আহসান নিয়োগ লাভ করেন। ড. কাজী মোহাম্মদ গালিব আহসান তাঁর দায়িত্ব পালনে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেছেন।

## উপাচার্যের সাথে নবনিযুক্ত শিক্ষক ও কর্মকর্তাগণের সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক সময়ে নবনিযুক্ত শিক্ষক ও কর্মকর্তাগণ উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান-এর সাথে ০৭ জুলাই, ২০১৪ সোমবার উপাচার্যের সম্মেলন কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন। উপাচার্য নবনিযুক্ত শিক্ষক ও কর্মকর্তাগণকে স্বাগত জানান এবং ফুল দিয়ে বরণ করেন। এ সময় প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, সামাজিক বিজ্ঞান মানবিক ও ভাষা স্কুল এর ডিন অধ্যাপক ড. মমতাজউদ্দীন পাটোয়ারী, স্কুল অব এডুকেশন এর ডিন অধ্যাপক ড. সুনীল কান্তি দে, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল এর ডিন অধ্যাপক ড. মোঃ শাহ আলম সরকার এবং তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম-পরিচালক মোঃ আবুল কাসেম শিখদার উপস্থিত ছিলেন। উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলে ২৪ জন প্রভাষক ও ১ জন প্রটোকল কর্মকর্তা যোগদান করেছে।



উপাচার্য দপ্তরে নবনিযুক্ত শিক্ষক ও কর্মকর্তাদের সাথে মতবিনিময় করছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। পাশে প্রো- উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। বিশ্ববিদ্যালয়ের ৬টি স্কুলের ডিন এবং তথ্য ও গণসংযোগ বিভাগের যুগ্ম পরিচালক এ সময় উপস্থিত ছিলেন।

## অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশনের সহ-সভাপতি নির্বাচিত



অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও কমনওয়েলথ অব লার্ণিং এর যৌথ উদ্যোগে ঢাকায় ৩০ সেপ্টেম্বর, ২০১৪ মঙ্গলবার থেকে চার দিনব্যাপী অনুষ্ঠিত ওপেন স্কুল এসোসিয়েশনের (COMOSA) বার্ষিক সাধারণ সভায় ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা কমনওয়েলথ ওপেন স্কুল এসোসিয়েশনের সহ-সভাপতি নির্বাচিত হয়েছে। NewZealand, Namiba, Ghana, Trinidad & Tobago, Belize, Seychelles, Vanuatu, Mozambique, Botswana, Zambia, Malawi, Lesotho, Sri Lanka, India and Pakistan ওপেন স্কুল এসোসিয়েশনের প্রতিনিধিদের ভোটে এ নির্বাচন অনুষ্ঠিত হয়।

## বীর মুক্তিযোদ্ধা ড. এম ফজলে আলী মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের আন্তর্জাতিক সম্পাদক নির্বাচিত



ড. এম ফজলে আলী

মুক্তিযোদ্ধাদের কেন্দ্রীয় সংগঠন বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ সেন্ট্রাল কমান্ড কাউন্সিলের গত ০৪ঠা জুন ২০১৪ তারিখে অনুষ্ঠিত দেশব্যাপি নির্বাচনে মুক্তিযোদ্ধাদের বিপুল ভোটে বীর মুক্তিযোদ্ধা ড. এম ফজলে আলী মুক্তিযোদ্ধা কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সম্পাদক মন্ডলীর সদস্য নির্বাচিত হয়েছেন। বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের জাতীয় নির্বাহী কাউন্সিলের সভায় ড. এম ফজলে আলীকে সর্বসম্মতিক্রমে আন্তর্জাতিক সম্পাদক এর দায়িত্ব প্রদান করা হয়। পরিবেশ বিজ্ঞানী ড. এম ফজলে আলী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক হিসেবে কর্মরত আছেন। মুক্তিযোদ্ধা সংগঠনে আন্তর্জাতিক যোগাযোগের জন্য তিনি নিরলসভাবে কাজ করে চলেছেন।

## জাতীয় শোক দিবস পালন




হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৩৯তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে সকালে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ রাজধানী উচ্চ বিদ্যালয়ের সামনে কালো ব্যাজ ধারণ করে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করে। উল্লেখ্য, বাউবি ক্যাম্পাসে উপাচার্যের পক্ষ থেকে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহেরের নেতৃত্বে স্বাধীনতা চিরন্তনে পুষ্পার্ঘ অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা জানানো হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে ১৫ আগস্ট শাহাদৎ বরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারবর্গের আত্মার মাগফেরাতের জন্য বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসের মসজিদে পবিত্র কোরআনখানি ও জু'মার নামাজের পর দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের সকল কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধ-নমিত, কালো পতাকা উত্তোলন এবং শোক দিবসের ব্যানার টাঙ্গানো হয়।




উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস ২০১৪ ধানমন্ডী ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## বিশ্ববিদ্যালয়ে গৃহনির্মাণ ঋণ বিষয়ে উন্মুক্ত আলোচনা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য গৃহনির্মাণ ঋণ চালু করার বিষয়ে ১৬ জুন, ২০১৪, সোমবার কনফারেন্স হলে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সাথে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের মত বিনিময় সভায় মিলিত হন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পক্ষ থেকে গৃহনির্মাণ ঋণ চালুর বিষয়ে বিভিন্ন মতামত ও পরামর্শ তুলে ধরেন। বর্তমানে গৃহনির্মাণ ঋণ বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

## পরীক্ষার মান উন্নয়নে মতবিনিময় সভা

নকলমুক্ত পরিবেশে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা আয়োজনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় করণীয় দিক নিয়ে শিক্ষক, কর্মকর্তাদের নিয়ে প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ১০ সেপ্টেম্বর, ২০১৪ বুধবার কনফারেন্স কক্ষে এক মতবিনিময় সভা করেন। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ও পরীক্ষা নিয়ন্ত্রক ড. মোঃ আসাদুজ্জামান উকিল সভায় বক্তব্য রাখেন। সভায় নকলমুক্ত পরিবেশে বাউবি'র পরীক্ষা আয়োজনে ডিন, শিক্ষক, পরিচালক ও কর্মকর্তাগণ মুক্ত আলোচনায় অংশ নেন।

## বিশ্ববিদ্যালয়ে এমডিএস প্রোগ্রাম চালুর উদ্যোগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স অব ডেভেলপমেন্ট স্টাডিজ (MDS) প্রোগ্রাম চালুর উদ্যোগ নেয়া হয়েছে। এ প্রোগ্রামটি চালু করার বিষয়ে ১১ আগষ্ট, ২০১৪ সোমবার বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স হলে ওপেন স্কুল ও প্রশিক্ষণ শাখার উদ্যোগে এক সেমিনারের আয়োজন করা হয়। সেমিনার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। সেমিনারে ধারণা পত্র উপস্থাপন করেন ওপেন স্কুলের সহকারী অধ্যাপক ড. মোঃ ইকবাল হোসাইন। অনুষ্ঠানে ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা সভাপতিত্ব করেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাগণ উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন।




দি প্রপোজাল ফর ওপেনিং মাস্টার্স ইন ডেভেলপমেন্ট স্টাডিজ (MDS) প্রোগ্রাম অনুষ্ঠানে ধারণাপত্র প্রদান করছেন ওপেন স্কুলের সহকারী অধ্যাপক ড. মোঃ ইকবাল হোসাইন। মঞ্চে ছবিতে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের ও ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা।

## ফল প্রকাশ সংক্রান্ত তথ্য

### এমএড প্রোগ্রামে ফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর স্কুল অব এডুকেশন পরিচালিত এমএড প্রোগ্রামের ১২২ টার্ম পরীার ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সেমিস্টার এর বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল ০৩ এপ্রিল, ২০১৪ প্রকাশিত হয়েছে। পরীক্ষায় পাসের হার ৬৮.৮০%।

### বেল্ট (BELT) প্রোগ্রামের ফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত ব্যাচেলর ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (বেল্ট) প্রোগ্রামের ২০১৩ (১৩১ টার্ম) ১ম, ২য়, ৩য় ও ৪র্থ সিমেস্টার পরীক্ষার বিষয়ভিত্তিক ও চূড়ান্তফল ২২ এপ্রিল, ২০১৪ প্রকাশিত হয়েছে। পরীক্ষায় পাশের হার ৫৮.০৬%।

### বিবিএ (BBA) প্রোগ্রামের ফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর স্কুল অব বিজনেস পরিচালিত BBA প্রোগ্রামের ১২২ টার্ম পরীার ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম লেভেলের বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল ২৮ এপ্রিল, ২০১৪ প্রকাশিত হয়। পরীক্ষায় পাসের হার ২৫.৩৫%।

### বিএ/বিএসএস প্রোগ্রামের ফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ/বিএসএস পরীক্ষা ২০১২ চূড়ান্ত ফল ২৯ এপ্রিল, ২০১৪ প্রকাশিত হয়। পাশের হার ৬৮.১৪%। চূড়ান্ত পরীক্ষায় ২৬,৮০৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে যার মধ্যে ১৮,২৬৪ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। এ পরীক্ষায় 'A' ০২ জন, 'A'- ১৫ জন, 'B'+ ৬৩২ জন, 'B' ৩,৬২৮ জন, 'B'- ৬,৪৪০ জন, 'C'+ ৫,২৬০ জন, 'C' ২,০৬৩ জন, 'C'- ২২৪ জন। উত্তীর্ণ পুরুষ শিক্ষার্থী ৯,৫৭৫, পাশের হার ৬৬.৪৪%, নারী শিক্ষার্থী ৮,৬৮৯ পাশের হার ৭০.০৯%। একই সঙ্গে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সিমেস্টারের ২,১৯,৮৭৫ জন শিক্ষার্থীর বিষয়ভিত্তিক ফলও প্রকাশ করা হয়।

### ডিসিএসএ প্রোগ্রামের ফল প্রকাশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি পরিচালিত ডিসিএসএ প্রোগ্রামের ১৩২ টার্ম (২য় সিমেস্টার) পরীক্ষার কোর্সভিত্তিক ফলাফলসহ চূড়ান্ত ফলাফল ১৭ জুলাই, ২০১৪ তারিখে প্রকাশিত হয়েছে। পরীক্ষায় পাসের হার ৬০.৮৭%।



ঢাকা আঞ্চলিক কেন্দ্রে বিশ্ববিদ্যালয় পরিচালিত ৪ বছর মেয়াদী অনার্স প্রোগ্রামের শিক্ষার্থীগণ পরীক্ষায় অংশ নিচ্ছে।

## শহীদ আহ্সান উল্লাহ্ মাস্টার এর শাহাদৎ বার্ষিকী পালিত



প্রখ্যাত শ্রমিক নেতা ও প্রাক্তন সংসদ সদস্য শহীদ আহ্সান উল্লাহ্ মাস্টার এর দশম শাহাদৎ বার্ষিকী উপলক্ষে ০৭ মে ২০১৪, বুধবার বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্মসূচী পালন করে। এ দিন বেলা ১২-০০ টায় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ কালো ব্যাচ ধারণ করে গাজীপুরে মরহুমের সমাধিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের মসজিদে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।



বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন এর নেতৃত্বে ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ গাজীপুরের সাবেক সংসদ সদস্য শ্রমিক নেতা শহীদ আহসান উল্লাহ মাস্টার এর কবরে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

## বাউবি'তে বর্ষবরণ উপলক্ষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে বাংলা ১৪২১ সালকে আনন্দ-উল্লাসের মধ্য দিয়ে বরণ করা হলো। বর্ষবরণ উপলক্ষে ১৬ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ, মঙ্গলবার বিকেলে বাউবি'র গাজীপুর ক্যাম্পাসে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। অনুষ্ঠানে উপাচার্য বলেন, অতীতের দু:খ-বেদনাকে মুছে ফেলে সুন্দর গৌরবোজ্জ্বল আগামীর পথে আমাদের এগিয়ে যেতে হবে। এ জন্য সবাইকে ঐক্যবদ্ধ হয়ে বিশ্ববিদ্যালয়ের তথা দেশের উন্নয়নের জন্য কাজ করতে হবে। অনুষ্ঠানে বাংলা নববর্ষে সকলের সু-স্বাস্থ্য কামনা করে উপাচার্য বিশ্ববিদ্যালয় পরিবারের জন্য আধুনিক চিকিৎসা সুবিধা বৃদ্ধি করা হবে বলে সকলকে অবহিত করেন। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের, ডিন, অধ্যাপক, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে কর্মকর্তা ও কর্মচারীগণ কবিতা, ছড়া, ও গান পরিবেশন করেন। অনুষ্ঠান শেষে আবহমান বাংলার খৈ, মুড়ি, কদমা, তরমুজ পরিবেশিত হয়।



বর্ষবরণ অনুষ্ঠানে সম্মেলন কক্ষে সকলকে নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান। পাশে অনুষ্ঠানের সঞ্চালক প্রকাশনা মুদ্রণ ও বিতরণ বিভাগের যুগ্ম-পরিচালক মোহাম্মদ আলী। বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারী শিল্পীদের একাংশ পেছনে বসে আছেন।

## উপাচার্য, প্রো-উপাচার্য ও ট্রেজারার-এর বাংলা নববর্ষের শুভেচ্ছা



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী এবং শুভানুধ্যায়ীদের বাংলা ১৪২১ সালের শুভেচ্ছা জ্ঞাপন করেছেন উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন ও ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের। যৌথ স্বাক্ষরে নববর্ষের কার্ডে তাঁরা সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে নববর্ষের প্রীতি ও শুভেচ্ছা জানান। উপাচার্য শুভেচ্ছা কার্ডের সাথে বিশ্ববিদ্যালয়ের অব্যাহত শান্তি, স্থিতিশীলতা ও উন্নয়নের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানিয়ে বাউবি পরিবারের সকলের কাছে পত্র প্রেরণ করেন।

## দোয়া ও ইফতার মাহফিল

পবিত্র রমজানুল মোবারক উপলক্ষ্যে ০৯ জুলাই, ২০১৪ বুধবার বিশ্ববিদ্যালয়ে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় মসজিদে যোহর নামাজের পর উপাচার্য দপ্তরের সামনে মহান আল্লাহর দরবারে বিশ্ববিদ্যালয় পরিবারের এবং দেশ ও জাতির কল্যাণ কামনা করে দোয়া করা হয়। দোয়া অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এম এ মাননান, প্রো-উপাচার্য অধ্যাপক ড. মোকাদ্দেম হোসেন, ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আবু তাহের এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। দোয়া অনুষ্ঠানের পরে ইফতার বিতরণ করা হয়। উল্লেখ্য যে প্রথমবারের মত সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে একযোগে বাউবি অর্থায়নে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয় এবং অনুষ্ঠানের পর সদর দপ্তরের ন্যায় ইফতারও বিতরণ করা হয়।

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
## আঞ্চলিক কেন্দ্র



আঞ্চলিক কেন্দ্র ঢাকা
৪/খ, সরকারী ল্যাবরেটরী রোড,
ধানমন্ডি, ঢাকা-১০৫
ফোন : (০২) ৯৬৭৩৬৬৯, ফ্যাক্স : ৮৮-০২-৮৬১৬০৬৫



আঞ্চলিক কেন্দ্র চট্টগ্রাম
সি আর বি রোড, চট্টগ্রাম।
ফোন : ০৩১-৬১৯৬৩৩



আঞ্চলিক কেন্দ্র রাজশাহী
নওহাটা, পবা, রাজশাহী
ফোন : ০৭২১-৮০০০০৮



আঞ্চলিক কেন্দ্র খুলনা
রোশনীবাগ, পোষ্ট : খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
ফোন : ০৪১-৭৩১৭৯৫



আঞ্চলিক কেন্দ্র সিলেট
পিরিজপুর, দক্ষিন সুরমা, সিলেট
ফোন : ০৮২১-৭১৯৫২৩



আঞ্চলিক কেন্দ্র বরিশাল
হাউজিং এস্টেট, রুপাতলী, বরিশাল
ফোন : ০৪৩১-২১৭৬২৮২



আঞ্চলিক কেন্দ্র রংপুর
কেন্দ্রীয় বাস টার্মিনালের পাশে, বংপুর
ফোন : ০৫২১-৬৩৫৯৩



আঞ্চলিক কেন্দ্র বগুড়া
বিশ্ব রোড, বনানী, বগুড়া
ফোন : ০৫১-৬২৭৯৪



আঞ্চলিক কেন্দ্র ময়মনসিংহ
মাসকানদা, ময়মনসিংহ।
ফোন : ০৯১-৬৫২৯৮



আঞ্চলিক কেন্দ্র ফরিদপুর
হারোকান্দি, ফরিদপুর
ফোন : ০৬৩১-৬২০৮১




আঞ্চলিক কেন্দ্র যশোর
পোষ্ট : উপশহর, জেলা : যশোর
ফোন : ০৪২১-৬৮৫২৬



আঞ্চলিক কেন্দ্র কুমিল্লা
দূর্গাপুর, কুমিল্লা
ফোন : ০৮১-৭৭৫৫৭


বিনম্র শ্রদ্ধায় জাতীয় শোক দিবস পালন
adhinata Chirantan'
source of
ration
ific research seminar held at BOU
সেনাবাহিনীর
গভীর শ্রদ্ধাঞ্জলি
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
signs
BOU to
ost
বাউবিতে নারী দিবস উদযাপন
BOU to help
বাউবিতে শোক দিবসের আলোচনা সভা
াউবির এইচএসসি
ীক্ষার ফল প্রকাশ
Prof Dr MA Mannan, vice chancellor of Bangladesh Open University (BOU), visits an examination hall at Dhaka Teachers' Training College in the capital on Saturday during BEd and MEd examinations under BOU.
educational TV channel
উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে অনলাইন সংক্রান্ত ওয়ার্কশপ
artin Island
SSC exam results under BOU publishe




বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষা প্রদানে ব্যবহৃত
আধুনিক প্রযুক্তি ও মাধ্যম



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস



ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাউবি



চট্টগ্রাম আঞ্চলিক কেন্দ্র, বাউবি



বগুড়া আঞ্চলিক কেন্দ্র, বাউবি


http://www.bou.edu.bd http://www.facebook.com/bdopenuniversity http://www.youtube.com/user/bdopenuniversity http://www.twitter.com/bouedu

প্রধান উপদেষ্টা: অধ্যাপক ড. এম এ মাননান, উপাচার্য, বাউবি, উপদেষ্টা : অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, প্রো-উপাচার্য, বাউবি, সম্পাদনা পরিষদ : অধ্যাপক ড. মোঃ আবু তাহের, ট্রেজারার, বাউবি, ড. মহাঃ শফিকুল আলম, যুগ্ম-পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা), প্রশাসন বিভাগ, বাউবি, আবু নাসের মোহাম্মদ তোফায়েল হোসেন, প্রভাষক, স্কুল অব এডুকেশন, বাউবি, সম্পাদনা পরিষদের সদস্যসচিব মোঃ আবুল কাসেম শিখদার, যুগ্ম-পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি, প্রদায়ক: মশিহুর রহমান চৌধুরী, গ্রাফিক ডিজাইন : মোঃ মনিরুল ইসলাম, কম্পোজ ও কম্পিউটার গ্রাফিক্স : মো: রুমান রবিন, ছবি: মোঃ হারুন-অর-রশিদ।

প্রকাশকাল : নভেম্বর, ২০১৪; প্রকাশক : প্রকাশনা, মুদ্রণ ও বিতরণ বিভাগ; প্রাক-মুদ্রণ কার্যক্রম: ডিটিপি পুল, পিপিডি বিভাগ, বাউবি; ব্যবস্থাপনায় : তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি; ফোন: ৯২৯১১১৯